গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৪৭(অংশ-১)/২০০৮/১৮৯ তারিখঃ ২৭।৪।১৪ ইং

## অফিস আদেশ

বিষয়ঃ **পণ্য, ইত্যাদির কারিগরি বিনির্দেশ যাচাই ও পরীক্ষা কমিটি গঠন প্রসংগে।**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর আওতায় রাজস্ব ও উন্নয়ন বাজেটের অধীনে জাতীয় ও আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ক্রয়কার্যে সম-আচরণ, অবাধ প্রতিযোগিতা ও স্বচ্ছতা আনয়নসহ সকলক্ষেত্রে পণ্য ও সেবার গুনগতমান নিশ্চিতকল্পে সর্বত্র পণ্যের একইরূপ কারিগরি বিনির্দেশ বজায় রাখার স্বার্থে অত্র অধিদপ্তরের সকল ক্রয়কারীকে কারিগরি বিনির্দেশ এর খসড়া প্রস্তুতপূর্বক নিম্নোক্ত কমিটিতে পরীক্ষা ও সুপারিশ প্রণয়নের জন্য উপস্থাপন করতে হবে। পরবর্তীতে উক্ত বিনির্দেশ পরীক্ষা ও যাচাই কমিটির সুপারিশ ক্রয়কারী কার্যালয় প্রধান কর্তৃক অনুমোদন প্রদান করা হবে। কমিটির বিবরণ নিম্নরূপঃ

**পণ্য, ইত্যাদির কারিগরি বিনির্দেশ যাচাই ও পরীক্ষা কমিটিঃ**

| | |
|---|---|
| ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। | চেয়ারম্যান |
| ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। | সদস্য |
| ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। | সদস্য |
| ৪। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/ক্রয়কারী, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। | সদস্য |
| ৫। সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। | সদস্য |
| ৬। মোঃ মোতাহার হোসেন, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), আরটিআইপি-২, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। | সদস্য |
| ৭। সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, জেলাঃ ঢাকা। | সদস্য সচিব |

কমিটির কার্য পরিধিঃ
১। ক্রয়কারী কর্তৃক প্রস্তুতকৃত পণ্য, ইত্যাদির কারিগরি বিনির্দেশ উক্ত কমিটি পরীক্ষা, যাচাই ও অনুমোদনের জন্য সুপারিশ প্রণয়ন করবেন।
২। উক্ত কমিটি খসড়া দরপত্র দলিল (জাতীয় ও আন্তর্জাতিক) পরীক্ষাপূর্বক অনুমোদনের জন্য সুপারিশ করবেন।
৩। কমিটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি-২৯ অনুসরণে প্রস্তুতকৃত বিনির্দেশ পরীক্ষা ও যাচাই করবেন এবং গোপনীয়তা রক্ষা করবেন।
৪। ১০.০ লক্ষ টাকা বা তদুর্ধ মূল্যমানের চুক্তির ক্ষেত্রে এ ব্যবস্থা কার্যকর হবে।

27/4/2014
(মোঃ ওয়াহিদুর রহমান)
প্রধান প্রকৌশলী

অনুলিপিঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল),............................................ এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি,.................................. অঞ্চল, জেলাঃ ..................................।
৪। প্রকল্প পরিচালক (সকল)............................................. এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলাঃ ....................................................।
৬। জনাব ..................................................................................।